সাপ্তাহিক
প্রকাশনার ২০ বছর
একতা
ঢাকা ॥ শুক্রবার
২৩ নভেম্বর

করুণার মাথার খুলির অংশ, মগজ ও চুল পাওয়া গেছে

একতা রিপোর্টার

গ্রামবাসীরা বলেন, করুণা সরদার নিহত। হত্যা-কারীরা তার মৃতদেহ গায়েব করেছে। করুণার মাথার খুলির অংশ, মগজ ও চুল পাওয়া গেছে। এগুলো ময়না তদন্তের জন্য দেওয়া হয়েছে। পুলিস ও ঘটনাস্থল পরিদর্শনকারী খুলনার জেলা প্রশাসক তা স্বীকার করেন। কিন্তু পুলিস করুণাকে নিহত বলে না। পুলিসের ভাষ্যঃ 'করুণা নিখোঁজ, সঙ্ঘর্ষের কারণ অনুসন্ধান করা হচ্ছে।'

গুরুতর আহত অপর মহিলা রূপবান বাংলাদেশ মানবাধিকার সমন্বয় পরিষদের তদন্তকারীদের বলেছেন, হামলাকারীরা তাকে যখন খালের পানিতে চোবায় তখন তিনি করুণাকে পড়ে থাকতে দেখেছিলেন, মাথাটা সম্পূর্ণ থেৎলানো।

রূপবানকে হামলাকারীরা ধরে নিয়ে গিয়েছিল। পরে বাঁধে ফেলে

পৃষ্ঠা ৭ দেখুন

মারাত্মক আহত অবস্থায় আক্রমণকারীরা ফেলে যায় রূপচানকে

নিখোঁজ করুনা সরদারের পুত্র কিশোর অজিত কৃষ্ণ সরদার